

# Fourth Round of Foreign Office Consultations between India and Tunisia

April 30, 2021

## ভারত ও তিউনিসিয়ার মধ্যে চতুর্থ দফার বৈদেশিক দফতর পর্যায়ে বৈঠক

এপ্রিল 30, 2021

2021 সালের 30 এপ্রিল ভারত-তিউনিসিয়া বৈদেশিক দফতর পর্যায়ে চতুর্থ দফার বৈঠক ভারতীয় মাধ্যমে অনুষ্ঠিত হয়। ভারতীয় প্রতিনিধি দলের নেতৃত্বে ছিলেন সঞ্জয় ভট্টাচার্য (সচিব, সিপিভি ও ওআইএ), এবং তিউনিসিয়ান প্রতিনিধি দলের নেতৃত্বে ছিলেন সে দেশের সেক্রেটারি অফ স্টেট জনাব মোহাম্মদ আলী নাকতি। দুই রাষ্ট্রদূতসহ উভয় পক্ষের উর্ধ্বতন আধিকারিকরাও বৈঠকে অংশ নিয়েছিলেন।

উভয় পক্ষই উষ্ণ ও বন্ধুত্বপূর্ণ সম্পর্কের ঐতিহ্য উল্লেখ করেন এবং রাজনৈতিক, অর্থনৈতিক, সাংস্কৃতিক, বাণিজ্য ও কনস্যুলার সহ সকল ক্ষেত্রে দ্বিপাক্ষিক সম্পর্কের বর্তমান অবস্থান বিশদভাবে পর্যালোচনা করেন। দ্বিপাক্ষিক সম্পর্ক আরও জোরদার করা এবং দ্বিপাক্ষিক সহযোগিতা বৃদ্ধির বিষয়ে দিকনির্দেশনা নিয়েও বিস্তারিত আলোচনা হয়। 2021-2022 সালে ভারতের স্বাধীনতার 75 বছর পূর্তি উদযাপন বিষয়ে তিউনিসিয়া তাদের আনন্দ ও সমর্থন প্রকাশ করে। আন্তর্জাতিক সৌর জোটে তিউনিসিয়ার যোগদানের সিদ্ধান্তকে ভারতীয় পক্ষ স্বাগত জানায়।

উভয় পক্ষই অর্থনৈতিক ও প্রযুক্তিগত সংযোগ বৃদ্ধির গুরুত্ব উল্লেখ করেছে। তারা বাণিজ্য ব্যবস্থার ধারাবাহিক সম্প্রসারণের আহ্বান জানায়। বিনিয়োগক্ষেত্র বিশেষত পুনর্নবীকরণযোগ্য জ্বালানি, পরিকাঠামো, পরিবহন ও অটোমোবাইল, টেক্সটাইল, কৃষি, ওষুধ ও ফারমাসিউটিক্যালস, স্বাস্থ্য পরিষেবা, আইসিটি, এসএমই এবং এনার্জি ক্ষেত্রে বিনিয়োগের সুযোগের উল্লেখ করেন। তারা ব্যবসায়ী সম্প্রদায়কে পারস্পরিক স্বার্থে ঘনিষ্ঠভাবে জড়িত থাকার আহ্বান জানান।

উভয় পক্ষই COVID-19 মহামারীর প্রভাব হ্রাস করার ব্যবস্থা নিয়ে আলোচনা করেন এবং COVID-19 সম্পর্কিত বিষয়ে সহযোগিতার প্রশংসা করেন। ইউএনএসসির সদস্য হিসাবে উভয় পক্ষের বৈশ্বিক ইস্যুতে সাধারণ মতামতের উপর গুরুত্ব দেন ও পারস্পরিক স্বার্থজড়িত আঞ্চলিক ও আন্তর্জাতিক ইস্যুতে মতবিনিময় করেন।

উভয় পক্ষ নিয়মিত সফর এবং পরামর্শ বিনিময়ের মাধ্যমে সম্পর্কের উর্ধ্বগতি অব্যাহত রাখার গুরুত্ব বিষয়ে একমত হন এবং পারস্পরিক সুবিধাজনক তারিখে নয়াদিল্লিতে মন্ত্রিপরিষদ পর্যায়ে পরবর্তী যুগ্ম কমিশন পর্যায়ের বৈঠক করতে সম্মত হন।

নতুন দিল্লি

এপ্রিল 30, 2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.